গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
(লাইব্রেরি শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

নম্বর : ৪৩.০০.০০০০.০০০.১১৩.১২.০০২৯.২৫.২০০ তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ২৩/০৫/২০২৬ তারিখের ৮০.০০.০০০০.০০০.১০৭.১২.০০১২.২৬.১৯৯ নম্বর স্মারকে প্রদত্ত সুপারিশের আলোকে গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ এর তফসিল-১ এর ক্রমিক নং ৬ (ক) মোতাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী তাদের নামের পাশে বর্ণিত পদ ও বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হলো;

| ক্রমিক নম্বর | জ্যেষ্ঠতার ক্রম | প্রার্থীর নাম ও ফিডার পদ | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ০১ | জনাব মাহমুদা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ২ | ০২ | জনাব সাজু আহম্মেদ, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৩ | ০৩ | জনাব মারুফা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৪ | ০৪ | জনাব মোঃ আমির হোসেন, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৫ | ০৫ | জনাব মোঃ নাফিস সাদিক শিশির, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৬ | ০৬ | জনাব মমতাজ খাতুন, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৭ | ০৭ | জনাব মাহাবুবা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৮ | ০৮ | জনাব রামেন্দ্র সরকার সুমিত, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |
| ৯ | ০৯ | জনাব মোঃ এনামুল হক, সহকারী লাইব্রেরিয়ান (১০ম গ্রেড) | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড)<br>বেতনস্কেল- ২২,০০০-৫৩,০৬০/- টাকা |

০২। **শর্তসমূহ**:

(ক) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে ;

(খ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে বিবেচিত হবেন। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবে;

(গ) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, অথবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে যে পদ থেকে পদোন্নতি দিয়েছিল, সে পদে প্রত্যাবর্তন করাতে পারবে;

(ঘ) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তার আচরণ ও কর্ম সন্তোষজনক সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তার চাকরি স্থায়ী করা হবে;

(ঙ) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বছর উত্তীর্ণ হয়েছে, সে সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার ০১ (এক) বছরের মধ্যে স্থায়ী হওয়ার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করতে হবে না ;

চলমান পাতা-০২ দ্রষ্টব্য :

পূর্ববর্তী পৃষ্ঠার পর :

(চ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত পদে তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) পরবর্তীতে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ; এবং

(জ) জারিকৃত প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়াদি 'গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' মোতাবেক এবং সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/০৬/২৬

(মোহাঃ খালিদ হোসেন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৭৩৮
ই-মেইল : ds2@moca.gov.bd

নম্বর : ৪৩.০০.০০০০.০০০.১১৩.১২.০০২৯.২৫.২০০

তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি, জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ;
০৪। অতিরিক্ত সচিব (লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৫। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ০১ মিন্টো রোড, বিএসএল ভবন, রমনা, ঢাকা ;
০৬। যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা/লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
০৮। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯। সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অডিট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। চিফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
১১। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩। জনাব মাহমুদা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা;
১৪। জনাব সাজু আহম্মেদ, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর;
১৫। জনাব মারুফা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, পটুয়াখালী;
১৬। জনাব মোঃ আমির হোসেন, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া;
১৭। জনাব মোঃ নাফিস সাদিক শিশির, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কুমিল্লা;
১৮। জনাব মমতাজ খাতুন, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, যশোর;
১৯। জনাব মাহাবুবা আক্তার, সহকারী লাইব্রেরিয়ান, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট;
২০। জনাব রামেন্দ্র সরকার সুমিত, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, জামালপুর;
২১। জনাব মোঃ এনামুল হক, সহকারী লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা;
২২। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

২৩/০৬/২৬

(মোহাঃ খালিদ হোসেন)
উপসচিব।